

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.০৮৬.১৩.অংশ-২.

তারিখঃ /০৯/২০১৬ খ্রিঃ

বিষয় : মূলস্টোর থেকে ইস্যুকৃত কম্পিউটার ল্যাভে না পাওয়ায় সরকারের আর্থিক ক্ষতি ১,২৪,৪০০/- (এক লক্ষ চব্বিশ হাজার চারশত) টাকা পরিশোধ প্রসঙ্গে।

সূত্র : শরীয়তপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে স্মারক নং-টিএসসি/শরী/৫৭৯ তারিখ: ০৯/০৮/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর নিঃ জিঃ নং-৫ প্রতিবেদনে মূলস্টোর থেকে ইস্যুকৃত কম্পিউটার ল্যাভে না পাওয়ায় সরকারের আর্থিক ক্ষতি ১,২৪,৪০০/- (এক লক্ষ চব্বিশ হাজার চারশত) টাকা শিরোনামে উল্লেখ করেছেন। এ নিরীক্ষা দল মূল স্টোরের মালামাল ও উক্ত রেজিস্ট্রার যাচাইয়ে পরিলক্ষিত হয়, মূল স্টোর হতে কম্পিউটার ল্যাভে ইস্যুকৃত মালামাল বাস্তবে এবং ল্যাভে মজুদ রেজিস্ট্রারে এন্ট্রি পাওয়া যায়নি। মালামালসমূহ জুনিয়র ইন্সট্রাক্টর (কম্পিউটার) জনাব মোঃ মহিবুর রহমান খান কর্তৃক গৃহীত হয়। মালামালসমূহের ইনডেন্ট নং-২/১ তারিখ: ১০/১২/২০১১ খ্রিঃ, ইনডেন্ট নং-৪/১ তারিখ: ২০/০৭/২০১৩ খ্রিঃ ও ইনডেন্ট নং-১ তারিখ: ২৯/১১/২০১১ খ্রিঃ এর মাধ্যমে গৃহীত হয়। যার মূল্য ১,২৪,৪০০/- (এক লক্ষ চব্বিশ হাজার চারশত) টাকা।

- ২। বর্ণিত বিষয়ে উক্ত প্রতিষ্ঠানে কর্মরত জুনিয়র ইন্সট্রাক্টর (কম্পিউটার) জনাব মোঃ মহিবুর রহমান খান-কে উল্লেখিত টাকা চালানোর মাধ্যমে জমা দিয়ে চালানোর কপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ৩। এ আদেশ জারীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত/-
(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম সচিব
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : জবান মোঃ মহিবুর রহমান খান
জুনিয়র ইন্সট্রাক্টর (কম্পিউটার)
শরীয়তপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ
আংগারিয়া, শরীয়তপুর।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.০৮৬.১৩.অংশ-২. /২২০ (৭)

তারিখঃ ০৯/০৯/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ০১। অধ্যক্ষ, শরীয়তপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, আংগারিয়া, শরীয়তপুর।
- ০২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ০৩। সৈয়দ এনামুল হক, অডিট এন্ড একাউন্টস অফিসার, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (৫ ও ৬ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
- ০৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, শরীয়তপুর।
- ০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। সংরক্ষণ/সংশ্লিষ্ট নথি।

(মোঃ জহুরুল ইসলাম)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।